

সৈনিক জনকণ্ঠ

ঢাকা বুধবার
২১ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
৬ নবেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

স্টাফ রিপোর্টার, গাজীপুর ।
বাংলাদেশ কৃষি গবেষণা
ইনস্টিটিউটে (বারি) 'খেসারি,
মাষকলাই ও ফেলন ডাল ফসল
চাষের সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক
কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার
গাজীপুরে বারির সেমিনার কক্ষে
অনুষ্ঠিত এ কর্মশালার উদ্বোধন
করেন বারির মহাপরিচালক ড.
আবুল কালাম আযাদ। মঙ্গলবার
অনুষ্ঠিত এ কর্মশালায় বারির

বারিতে ডাল ফসল চাষের সমস্যা ও সম্ভাবনা নিয়ে কর্মশালা

পরিচালক রইছ উদ্দিন চৌধুরী
সভাপতিত্ব করেন। বারির ডাল
গবেষণা উপকেন্দ্রের উদ্যোগে

কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে
উপস্থিত ছিলেন পরিচালক (গবেষণা)
ড. মোঃ আব্দুল ওহাব, পরিচালক
(সেবা ও সরবরাহ) ড. বাবু লাল
নাগ, পরিচালক (পরিকল্পনা ও
মূল্যায়ন) হাবিবুর রহমান শেখ।
কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন
করেন প্রকল্প পরিচালক এবং
গাজীপুরের ডাল গবেষণা
উপকেন্দ্রের প্রধান বৈজ্ঞানিক
কর্মকর্তা ও প্রধান ড. ওয়র আলী।

